



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ ষ্ট তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-৭৬৭

তারিখঃ ২৩/১০/২০১৭ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের অনুমোদন।

সূত্রঃ ১. উপপরিচালক, বরিশাল স্মারক নং-৪৭.৬২.০০০.১০০.০৮.০০০.১৭.৯৩২ তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রি:

২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল স্মারক নং-৪৭.৬২.০৬০৩.০০০.০০.০০০.১৭-১৫৩১ তারিখঃ ০৫/১০/২০১৭ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার পূর্ব পাংশা মহিলা সমিতির গ্রাজুয়েট সদস্য জনাব মোছাঃ কনা বেগম, স্বামী মোঃ আবুল হোসেন শিকদার “গাভী পালন” আইজিএ এর উপর ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সরেজমিনে পরিদর্শন পূর্বক ১০০০০০.০০ (এক লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, বরিশাল কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশ করার প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১০০০০০.০০ (এক লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হলোঃ

- ১। উদ্যোক্তা সদস্যকে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করতে হবে;
- ২। চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থায়ী সম্পত্তির দলিল মরণেজ হিসেবে দাখিল করতে হবে (সাব রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরণেজ করতে হবে) ; যদি ঋণী সদস্যের নিজ নামে কোন সম্পত্তি না থাকে তাহলে তার স্বামী/পিতার সম্পত্তির দলিল মরণেজ হিসেবে রাখতে হবে এবং তা শর্ত-৪ এ উল্লেখিত চুক্তিপত্রে বিষয়টি অর্ন্তভুক্ত করে সদস্য ও তার স্বামী/পিতার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;
- ৩। উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজন বিশিষ্ট ব্যক্তির ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে;
- ৪। ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি পত্র সম্পাদন করতে হবে;
- ৫। উপপরিচালক, বিআরডিবি বরিশাল বর্ণিত ঋণের আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন;
- ৬। আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে, তবে বিশেষ ক্ষেত্রে ১০% সঞ্চয় জমা থাকলেও চলবে;
- ৭। সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
- ৮। মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ফ্রস চেকে প্রদান করতে হবে;
- ৯। উদ্যোক্তা ঋণ প্রদানের সকল নীতিমালা অনুসরণ করতে হবে।

  
(প্রকৌশলী মোহাম্মদ মাসুদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।


উপপরিচালক  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
বরিশাল।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-

তারিখঃ ২৩/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বাবুগঞ্জ, জেলাঃ বরিশাল।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলাঃ বাবুগঞ্জ, জেলাঃ বরিশাল।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা